গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস
সিলেট।
www.info.sylhet.gov.bd

নং-১৫.৫৬.৯১০০.০০১.১৬.০০৫.২২- ৪২ তারিখ :-২৫/০৯/২০২৫খ্রি.

# পাক্ষিক জনমত ও প্রতিক্রিয়া প্রতিবেদন সেপ্টেম্বর'২০২৫ (২য় পক্ষ)

১. **বিদ্যুৎ পরিস্থিতি** : লোডশেডিংয়ের মাত্রা কিছুটা হ্রাস পেয়েছে বলে প্রতিয়মান হচ্ছে সিলেট জেলায়। তবে উপজেলাগুলোতে ভিন্ন চিত্র পরিলক্ষিত হয়। সিলেট জেলাসদর সহ উপজেলাগুলোর বিদ্যুৎ ব্যবস্থার উন্নতিকল্পে যুগান্তকারী পদক্ষেপ কামনা করছেন সচেতন সিলেটবাসী।

২. **দ্রব্যমূল্য পরিস্থিতি** : কিছুতেই নিয়ন্ত্রণে আসছেনা কাঁচামরিচসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য। অব্যাহতভাবে বেড়ে চলছে এসকল পণ্যের মূল্য। এতে করে অসহায়ত্ববোধ করছেন ভোক্তাসাধারণ। মাছ, মাংস ডিম সহ সকল প্রকার নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য ক্রেতাসাধারণের ক্রয়ক্ষতার আওতায় নিয়ে আসতে অভিযান পরিচালিত হলেও কোন সুফল পাচ্ছেননা ভোক্তারা। এ পরিস্থিতি নিরসনে উর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছেন সিলেটবাসী।

৩. **আইনশৃঙ্খলা পরিস্থিতি** : জেলা তথ্য অফিস, সিলেট আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান, স্থানীয় পত্রিকা ও আইনশৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক সিলেট জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিম্নরূপ : চলতি মাসে ডাকাতির মামলা দায়ের হয়েছে-০১টি, দস্যুতা মামলা-২টি, খুন-০১টি, দ্রুত বিচার আইন/২০০২ সংক্রান্ত মামলা-০১টি, ধর্ষণ মামলা-০৪টি, শিশু ধর্ষণ-০২টি, পুলিশ সংক্রান্ত মামলা-০, সিধেঁল চুরি-০৩টি এবং অন্যান্য মামলা-০৪টি। সিলেট জেলার সীমান্ত এলাকায় চোরাচালান পূর্বের চেয়ে অনেক কমে এসেছে। এক্ষেত্রে তথ্য অফিস কর্তৃক সচেতনতামূলক বিভিন্ন প্রচার অব্যাহত রয়েছে। আইনশৃঙ্খলা কমিটির সভায় জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন ও জনপ্রতিনিধিদের মতামত অনুসারে সিলেট জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

৪. **প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা:** প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় সমূহে দ্বিতীয় সাময়িক পরীক্ষা শেষে যথারীতি পাঠদান চলমান রয়েছে বলে জানায় প্রাথমিক ও জেলা শিক্ষা অফিস।

৫. **অন্যান্য** : কিছুদিন ধরেই সিলেট জেলায় তাপমাত্রা বৃদ্ধির কারণে অতিষ্ঠ সিলেটবাসী। তীব্র গরমের কারণে জনসাধারণ ভুগছেন জ্বর, কাশিসহ নানাবিধ রোগে। স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা যায় তীব্র গরমের কারণে এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এই অবস্থায় সকলকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন সিলেট স্বাস্থ্য বিভাগ।

২৫.০৯.২০২৫

প্রাপক :
মহাপরিচালক
গণযোগাযোগ অধিদপ্তর
ঢাকা।

মীর মোহাম্মদ আসলাম উদ্দিন
পরিচালক
জেলা তথ্য অফিস, সিলেট।
ফোন : 0241100092
ই-মেইল : diosyloffice@yahoo.com